

# Buniadpur Mahavidyalaya

Internal Examination-2021

Bengali Honours

Paper :III-A,B

Full Marks-100

২X১০=২০

প্রতিটি প্রশ্নের উত্তর দাওঃ

১। 'সামাজিক উপন্যাস' বলা যায় নীচের কোনটিকে-

(a) পল্লিসমাজ (b) অন্তঃশীলা (c) দূর্গেশনন্দিনী (d) গোরা।

২। কৃষ্ণকান্তের জ্যেষ্ঠ পুত্রের নাম-

(a) বিনোদলাল (b) হরলাল (c) গোবিন্দলাল (d) রামলাল।

৩। ভ্রমরের দিদির নাম কি ছিল?

(a) ক্ষীরিবালা (b) শৈববতী (c) যামিনী (d) মধুবতী।

৪। 'শেষের কবিতা' উপন্যাসের পূর্বনাম কি ছিল?

(a) যোগমায়া (b) শেষের কাব্য (c) লাবন্য (d) মিতা।

৫। "সে ঘর হইতে বাহির হইয়া গিয়া বসিল কৃষ্ণচূড়া গাছটার তলায়। রাঙা ফুলে ভরা গাছ।"

এখানে 'সে' বলতে -

(a) নিতাই (b) রাজা মুচি (c) ঠাকুরঝি (d) বসন্ত।

৬। কবিগান সেরে ফিরে এসে নিতাই ঠাকুরঝিকে উপহার হিসাবে দেয়-

(a) সোনারহার (b) সূতাহার (c) পুতির মালা (d) রূপোর হার।

৭। 'হৈমন্তী' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(a) প্রবাসী (b) ভারতী (c) সাধনা (d) সবুজপত্র।

৮। ডাক্তার বলিল "একবার বায়ু পরিবর্তন করিয়া দেখিলে ভাল হয়।" - বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন?

(a) সিমলা (b) কাশ্মীর (c) এলাহাবাদ (d) গঙ্গায়।

৯। 'ক্যানভাসার' গল্পে কাত্যায়নি কে?

(a) ভৈরবের স্ত্রী (b) হীরালালের স্ত্রী (c) হীরালালের দিদি (d) কোনটিই নয়।

১০। "ওই পাহাড়ের ওপরেই আমাদের ঘর-এস তুমি আমার সঙ্গে-তোমায় খেতে দিইগে।" - বক্তা হলেন -

(a) সুন্দা (b) দেবী (c) প্রদ্যুম্ন (d) সুরদাস।

### III-B

১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও(দুটি) : প্রতিটি প্রশ্নের পূর্ণমান ১০

ক)রোমান্স কী? রোমান্সধর্মী উপন্যাস ও ঐতিহাসিক উপন্যাসের পার্থক্যগুলি চিহ্নিত কর।

অথবা

একটি সামাজিক উপন্যাস বিশ্লেষণ করে সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত কর।

খ) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে ? ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য অনুসারে বঙ্কিমচন্দ্রের ‘রাজসিংহ’ কে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা আলোচনা কর।

অথবা

চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে তোমার জানা একটি বাংলা

চেতনাপ্রবাহ রীতির উপন্যাসের শিল্প সার্থকতা বিচার করো।

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও(চারটি) : প্রতিটি প্রশ্নের পূর্ণমান ১৫

ক)‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে বঙ্কিমচন্দ্র গোবিন্দলালের প্রেমের বিকাশ, অন্তর্দ্বন্দ্ব ও পরিনতি রূপায়নে অসাধারণ দক্ষতার পরিচয় দিয়েছেন-আলোচনা করো।

অথবা

রবীন্দ্রনাথের ‘শেষের কবিতা’ উপন্যাসটিকে রোমান্সধর্মী বলা যায় কি না - তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

খ) ‘কবি’-উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

‘কবি’ উপন্যাসের বসন্ত চরিত্রটি সম্পর্কে আলোচনা করো।

গ)‘হৈমন্তী’ গল্পে হৈমন্তীর স্বামীর মনোবিশ্লেষণে লেখক যে সত্য উদ্ঘাটন করেছেন, তার পরিচয় দাও।

অথবা

ক্যানভাসার গল্পে হীরালাল চরিত্রটির মাধ্যমে যে হাস্যরসের পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

ঘ) মহাশ্বেতা দেবীর ‘স্তন্যদায়িনী’ গল্পে চিত্রিত সমাজ-বাস্তবতার পরিচয় দাও।

অথবা

‘মেঘমল্লার’ গল্পের নামকরণ কতটা সার্থক -আলোচনা করো।